৬৩

আজকের কাগজ

তারিখ 23 AUG 1995
পৃষ্ঠা ৪ কলাম ৪

## কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের রিপোর্ট কি ভুল?

আমরা স্বাধীনতার ২৫ বছর পূর্তি উৎসব কয়েক মাস পরেই করতে যাচ্ছি। অথচ এদেশে এখনো কোনো সঠিক শিক্ষানীতি প্রণয়ন হয়নি। যে শিক্ষার্থীরা জাতির মেরুদণ্ড তাদেরকে নিয়ে যদি এরূপ হয়রানি চলে তাহলে বাংলাদেশের ভবিষ্যৎ উন্নয়ন কিভাবে হবে?

বঙ্গবন্ধু সরকারের আমলে এদেশের বিশিষ্ট বিজ্ঞানী মরহুম ডঃ কুদরত-ই-খুদা দেশের শিক্ষার জন্যে একটি কমিশনের মাধ্যমে রিপোর্ট প্রকাশ করেন। যার মাধ্যমে এদেশের শিক্ষার মান বাড়ানোর চেষ্টা হয়েছিলো এবং এর মাধ্যমে একটি সঠিক শিক্ষানীতি প্রণয়ন সম্ভব হতো। কিন্তু '৭৫-এর পরবর্তি সরকারগুলো কেনো উক্ত কমিশনের রিপোর্ট বর্জন করেছেন? তা আমরা জানতে চাই। তার বদলে তাঁরা ইচ্ছামতো শিক্ষানীতি প্রণয়ন করেছেন। ফলে এখনও যুগোপযোগী সঠিক শিক্ষানীতি প্রণয়ন সম্ভব হয়নি। এর মাশুল দিতে হচ্ছে শিক্ষার্থীদের, যারা শিক্ষা লাভ করতে এসেছে। তাদের পরিণত হতে হচ্ছে গবেষণাগারের 'গিনিপিগ'-এ। তাই আমরা সকল শিক্ষার্থীরা আজ জানতে চাই কুদরত-ই-খুদা শিক্ষা কমিশনের রিপোর্ট কি ভুল ছিলো?

*শিক্ষার্থীদের পক্ষে*
*মোঃ আবদুল হান্নান*
*৬৭/২ (পুরাতন)*
*২৮০ (নতুন) শেওড়াপাড়া*
*মিরপুর, ঢাকা-১২১৬*